



টুকরো খবর

ক্রান্তিরূপে মান্টিমিডিয়া ব্যবহারে মনিটরিং ও মেন্টরিং শুরু

শ্রেণীকক্ষে মান্টিমিডিয়ার ব্যবহার নিশ্চিত এবং কার্যকর করতে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মনিটরিং ও মেন্টরিং কার্যক্রম উদ্বোধন করা হয়েছে গত ৬ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয়ের করণী হলে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ভিডিও কনফারেন্সের মাধ্যমে এর উদ্বোধন করেন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী আবতার হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এসএম আশরাফুল ইসলাম এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক (পরিচালনা ও উন্নয়ন) প্রভেন্দ্র ড. মো. সিরাজুল ইসলাম। এ ছাড়াও মাঠপর্যায়ের কর্মকর্তারা ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে যোগ দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এটিআই প্রোগ্রামের প্রকল্প পরিচালক কবির বিন আনোয়ার। অ্যাকসেস টু ইনফরমেশন (এটিআই) প্রোগ্রামের সহায়তায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে দেশব্যাপী স্থাপিত মান্টিমিডিয়া ক্রান্তিরূপে দেশী কীভাবে চলবে, তার মনিটরিং ও মেন্টরিং নিয়েই এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করা হলো।

ফুলগাজীতে আইএসপিএবি ও আইবিপিসি'র সচেতনতা কর্মশালা

সম্প্রতি ফেমীর ফুলগাজী মহল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী এবং শিক্ষকদের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে সচেতনতা ও দ্রুত-রুপে শিক্ষাদানের কর্মশালা আয়োজন করে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি) ও আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিল (আইবিপিসি)। এতে উপজেলার ২২টি বিদ্যালয়ের প্রায় ৫০০ শিক্ষার্থী এবং ৮০ জন শিক্ষক অংশগ্রহণ করেন। কর্মশালার উদ্বোধন করেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব কবির আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন



আইএসপিএবি সভাপতি আবতারুজ্জামান মল্ল। অনুষ্ঠানের প্রধান লক্ষ্য ছিল শিক্ষার্থীদেরকে কম্পিউটার ও ইন্টারনেট সম্পর্কে মৌলিক জ্ঞান প্রদান করা এবং ইন্টারনেটের অতীত, বর্তমান ও ভবিষ্যত সম্পর্কে তাদেরকে পূর্ণাঙ্গ তথ্য প্রদান করে এই বিষয়ের সাথে পরিচিত করে তোলা।